দামুড়হুদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ২১শে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল-এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প্রাণী সম্পদ অফিসার নিলীমা আক্তার হ্যাপী, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা মৎস্য অফিসার বিল্লাল হোসেন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার প্রতিনিধি এসআই সবুজ উদ্দীন, দর্শনা থানার প্রতিনিধি এসআই আরিফুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রভাষক শামসিয়া ফাহমিদা রহমান, দামুড়হুদা পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা ভারপ্রাপ্ত নির্বাচন অফিসার রাশিদুল ইসলাম, উপজেলা মডেল মসজিদের ইমাম হাফেজ মাওঃ মামুনুর রশীদ সহ সভায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভায় ২১শে ফেব্রুয়ারি উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে রাত ১২টা ১ মিনিটে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, প্রভাতফেরি, আলোচনা সভা, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা, দোয়া মাহফিল এবং পুরস্কার বিতরণী সহ নানা আয়োজন।

সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল বলেন, ভাষা শহিদদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত মাতৃভাষার মর্যাদা রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি সকলকে যথাসময়ে উপস্থিত থেকে কর্মসূচি সফল করার আহ্বান জানান। সভা শেষে

সার্বিক প্রস্তুতি ও দায়িত্ব বণ্টনের মাধ্যমে অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বুধবার (২১ ফেব্রুয়ারি) জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

জেলা শিল্পকলা একাডেমীর নির্বাহী সদস্য আবুল হাসনাত দিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিরক্ত জেলা প্রশাসক তানভীর হোসেন রুমন, সরকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিকাইল হোসেন, সাজিদুর রহমান,আবীর হোসেন,জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে জেলা শিল্পকলা একাডেমির পরিচানলায় এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনটা একদিকে বেদনাবিধুর। আর একদিকে আমাদের শক্তি ও সাহস এগিয়ে চলার পথ প্রদর্শক। বাঙ্গালী জাতীর যা কিছু তার সবই রক্তের বিনিময়ে অর্জন করতে হয়েছে। সেই রক্তকেই আমরা ভুলতে বসেছি। আমাদের ভুলে গেলে চলবে না। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু ক্লাসের বই পড়ে শিক্ষীত হলে হবে না। আমাদের দেশটা কিভাবে বাংলাদেশ হয়ে তার ইতিহাস জানতে হবে। ক্লাসের বইয়ের পাশাপাশি স্বাধিনতার ইতিহাস পড়তে হবে। বিজাতী চক্র থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। তিনি আরও বলেন, আমাদের সময় যখন প্রভাতফেরি হতো তখন আমরা খালিপায়ে রাস্তায় হেটেছি। কিন্তু আজকের যুগের ছেলে-মেয়েদের আধুনিকতার ছোঁয়ায় সেটা হারিয়ে গেছে।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গার পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন প্রমুখ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সী আবু সাইফের প্রাণবন্ত সঞ্চালনায় আলোচনা সভায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সহযোগী

অধ্যাপক ও বাংলা বিভাগের বিভাগীদ প্রধান ড. মো. আব্দুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর আবু রাশেদ, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, জেলা মার্কেটিং অফিসার সহিদুল ইসলাম, এসএ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি বিপুল আশরাফ সহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী ভাষা শহীদদের স্মরণে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ বুধবার দিনব্যাপি বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এর মধ্যে প্রভাতফেরী র্যালি আলোচনা সভা পুরস্কার বিতরণী সংগীতানুষ্ঠান ও সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সকালে প্রভাতফেরী র্যালী শেষে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে সহিদ মিনারে সরকারি প্রতিষ্ঠান সহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণ করেন। পরে সংগীতানুষ্ঠান আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা

মিতা।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ প্রমূখ।

দুপুরে ও বিকালে মসজিদ মন্দির সহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌরসভায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনা পৌরসভায় একুশে ফেব্রুয়ারি জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ মফিজুর রজমান।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযুদ্ধো রুস্তম আলী, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা রেজাউল করিম সবুর, নাগরিক কমিটির আহবাহক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডি এস মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শফিউদ্দিন, সমাজ সেবক জাহিদুল ইসলাম, পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের।

কাউন্সিলার এনামুল হকের উপস্থাপনায়, আরও আলোচনা করেন, দর্শনা

রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দু প্রমুখ।

জীবননগরে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রস্তুতিমূলক সভা

জীবননগরে ২১ শে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নিবাহী কমকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল লতিফ অমল, ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, উথলী ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, বাকা ইউপি চেয়ারম্যান আঃ কাদের প্রধান, আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান মিজা লিটন,সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

স্বপ্ন বাস্তবায়নে মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধি করেছেন,বাড়ি বানিয়ে দিয়েছেন,তাদের সন্তানদের চাকরি দিয়েছেন। কোন মুক্তিযোদ্ধা আজ দুরাবস্থায় নেই। তাই শেখ হাসিনা সরকারের আমলে মুক্তিযুদ্ধের সময় যারা জীবন দিয়েছেন তাদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতির দাবী তুলেছেন। এদাবী সময়ের দাবী। এদাবী ন্যায্য দাবী। সাহারবাটি গ্রামের শহিদ এমলাক হোসেন,উজির মালিথাসহ অন্ততঃ ১০জনের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতির দাবীর সাথে একাত্নতা ঘোষানা করেছেন তিনি।

এসময় সাংসদ সাহিদুজ্জামান খোকন আরও বলেন, আওয়ামীলীগ সরকার ক্ষমতায় এলে দেশের উন্নয়ন হয়,রাস্তাঘাটে বোমা ফাটেনা,মানুষ নির্বিগ্নে রাস্তায় চলতে পারে গৃহস্থের কোমরে গোয়ালের গুরুর দড়ি বেঁধে কৃষককে রাত জেগে বসে থাকতে হয়না। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় না থাকলে বিএনপি-জামাতের অত্যাচারে এলাকা ছাড়া হতে হবে আওয়ামীলীগ নেতা কর্মীদের, এসরকার ক্ষমতায় না থাকলে আওয়ামীলীগ নেতাদের কবরেও জায়গা হবেনা। তাই অওয়ামীলীগের মধ্যে বিভক্ত না হয়ে বাড়িতে ঘুমাতে চাইলে, পরিবারের সাথে সংসারে থাকতে চাইলে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে। না হলে স্বাধীনতা বিরোধীরা আপনাদের এলাকা ছাড়া করবে। রাস্তায় রাস্তায় খুনের শিকার হতে হবে। বিএনপি নেতারা যতই নাচানাচি করুক না কেন এর পর থেকে তারা আর আন্দোলনের নামে নাশকতা ও বিশৃংখলা করতে চাইলে রাস্তায় তাদের দাঁত ভাঙ্গা জবাব দেয়ার জন্য নেতা কর্মীদের প্রস্তুত থাকতে বলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বিভিন্ন এলাকা থেকে আসা সংগীত শিল্পীরা।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আলোচন সভা ও পুরুস্কার

বিতরণী অনুষ্ঠান

মেহেরপুরের গাংনীতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচন সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠান করেছে গাংনী উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার ২১ শে ফেব্রুয়ারী সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের সভা কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপত্বি করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুন।

প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। এসময় উপজেলা সহকারি (ভ’মি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাদির হোসেন শামীম,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, এলজিইডি প্রকৌশলী ফয়সাল আহম্মেদ, উপজেলা মৎস্য কর্মকর্তা সহিদুর রহমান, বিআরডিবি কর্মকর্তা মুস্তাফিজুর রহমান সহ উপজেলার সরকারি সকল কর্মকর্তা কর্মচারি, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে রচনা প্রতিযোগীতা ও চিত্রাংকণ প্রতিযোগীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথি বৃন্দরা। তিনটি ক্যাটাগরিতে প্রতিযোগীতায় ১৪জন প্রতিযোগীকে পুরুস্কার প্রদান করা হয়েছে।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুৃজ্জামান খোকন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ রনি খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক ।
অনুষ্ঠানে এমপি পত্নি লাইলা আরজুমান শিলা ,গাংনী থানার ওসি তদন্ত মনোজিৎ কুমার নন্দি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান বৃন্দ, সরকারি -বেসরকারি অফিসের কর্মকর্তা বৃন্দ প্রস্ততি সভায় অংশ গ্রহন করেন।

প্রতি বছরের ন্যায় এবারও গাংনী উপজেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে নানা কর্মসুচী গ্রহন করেছে উপজেলা প্রশাসন।

দামুড়হুদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় ২১শে ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভা কক্ষে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম,